গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## এপ্রিল/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২৫/০৪/২০২২, দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| উপদেষ্টা | : জনাব হাবিবুর রহমান হাবিব, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ । |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট । |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে প্রকৌশল বিভাগের কিছু সংশোধনীসহ মার্চ/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ)**: মার্চ/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী স্বাক্ষরিত হবার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):**
**(ক) এডিপি সংক্রান্ত আলোচনা:** উপজেলা প্রকৌশলী সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। জালালপুর ইউপি চেয়ারম্যান জানান যে, বিগত সভায় অনুমোদিত এডিপি তালিকার ২৭ নম্বর ক্রমিকে"জালালপুর কলেজের সম্মুখে কালভার্ট নির্মাণ" প্রকল্পটি ১,০০০০০/- টাকায় নির্মাণ করা সম্ভব নয় এবং মোল্লারগাঁও ইউপির তালিকার ৩নং প্রকল্পঃ "১নং ওয়ার্ডের মন্দিরখলা গ্রামের উত্তর পূর্ব সুরমা ডাইক হতে কলমদর আলীর ঘরের সামন পর্যন্ত রাস্তা সিসি ঢালাইয়ের আপাতত প্রয়োজন নেই। তাই এ দুটো প্রকল্পের পরিবর্তে ২ লক্ষ টাকা ব্যয়ে "আয়শা-মনোয়ারা (রহ:) মেমোরিয়াল মহিলা মাদ্রাসায় বেঞ্চ, ডেস্ক সরবরাহ" প্রকল্পটি গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য সভায় সুপারিশ করেন।

সিদ্ধান্ত: এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রকল্প তালিকার নিম্নলিখিত প্রকল্পগুলো বাস্তবায়ন প্রক্রিয়া পরিবর্তন এবং সংশোধন করে নিম্নোক্ত বর্ণনামতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| প্রকল্পের নাম (গত ১৬-০৩-২০২২ তারিখের রেজুলেশনের অন্তর্ভূক্ত।) | টাকা (লক্ষ টাকায়) | বাস্তবায়ন প্রক্রিয়া | সংশোধিত প্রকল্পের নাম | টাকা (লক্ষ টাকায়) | বাস্তবায়ন প্রক্রিয়া |
|---|---|---|---|---|---|
| তালিকার ৩নং প্রকল্পঃ ১নং ওয়ার্ডের মন্দিরখলা গ্রামের উত্তর পূর্ব সুরমা ডাইক হতে কলমদর আলীর ঘরের সামন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই।<br>তালিকার ২৭নং প্রকল্পঃ জালালপুর কলেজের সম্মুখে কালভার্ট নির্মাণ। | ১.০০ লক্ষ<br>১.০০ লক্ষ | টেন্ডার<br>পিআইসি | আয়শা-মনোয়ারা (রহ:) মেমোরিয়াল মহিলা মাদ্রাসায় বেঞ্চ, ডেস্ক সরবরাহ। | ২.০০ লক্ষ | পিআইসি |
| তালিকার ১নং প্রকল্পঃ চৌধুরীগাঁও রেলক্রসিংয়ের মোড় হইতে দীপক মালাকারের বাড়ির সামন পর্যন্ত গাইডওয়ালসহ রাস্তা পাকা করণ।<br>তালিকার ৪নং প্রকল্পঃ ৬নং ওয়ার্ডের চৌধুরীগাঁও এর উত্তর দিকের ছাতক রেলওয়ে লাইন হতে মনির মিয়ার বাড়ির সামন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। | ২.০০ লক্ষ<br>১.০০ লক্ষ | টেন্ডার<br>পিআইসি | (ক) চৌধুরীগাঁও রেলক্রসিংয়ের মোড় হইতে দীপক মালাকারের বাড়ির সামন পর্যন্ত গাইডওয়ালসহ রাস্তা পাকা করণ। (খ) ৬নংওয়ার্ডের চৌধুরীগাঁও এর উত্তর দিকের ছাতক রেলওয়ে লাইন হতে মনির মিয়ার বাড়ির সামন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। | ৩.০০ লক্ষ | টেন্ডার |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| তালিকার ৪৮নং প্রকল্পঃ পুরানগাঁও কর্মকলাপতি জামে মসজিদের দক্ষিণের রাস্তা পর্যন্ত পাকা করণ। | ২.০০ লক্ষ | টেন্ডার | জনমঙ্গল মেইন রাস্তা হতে পুরানগাঁও বড়বাড়ি পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। | ২.০০ লক্ষ | টেন্ডার |
| তালিকার ৭নং প্রকল্পঃ লামাপাড়া রাইছ মিল ঘাটের সামন হতে টিলাপাড়া পর্যন্ত রাস্তা পাকা করণ। | ২.০০ লক্ষ | টেন্ডার | তালিকার ৭নং প্রকল্পঃ লামাপাড়া রাইছ মিল ঘাটের সামন হতে টিলাপাড়া পর্যন্ত রাস্তা পাকা করণ। | ২.০০ লক্ষ | পিআইসি |
| তালিকার ৪২নং প্রকল্পঃ পূর্ব ঝাপা রাখালগঞ্জ কে.সি উচ্চ বিদ্যালয় হইতে নিমাদল সংযোগ রাস্তা পাকা করণ। | ২.০০ লক্ষ | পিআইসি | তালিকার ৪২নং প্রকল্পঃ পূর্ব ঝাপা রাখালগঞ্জ কে.সি উচ্চ বিদ্যালয় হইতে নিমাদল সংযোগ রাস্তা পাকা করণ। | ২.০০ লক্ষ | টেন্ডার |

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

(খ) সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে নিরাপত্তার জন্য উপজেলা পরিষদ চত্বরে সোলার প্যানেল স্থাপনের বিষয়ে মতামত দেন এবং তিনি বলেন যে ইতিমধ্যেই একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়ায়=৫,০০,০০০.০০ ( পাঁচ লক্ষ টাকা)। উক্ত প্রক্কলিত=৫,০০,০০০.০০ টাকার প্রাক্কলন অনুমোদন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয়ের অনুমোদনের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত: সভায় এ ব্যাপরে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে নিরাপত্তার জন্য উপজেলা পরিষদ চত্বরে সোলার প্যানেল স্থাপনের ৫,০০,০০০.০০ ( পাঁচ লক্ষ) টাকা প্রক্কলন অনুমোদন, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে উক্ত ব্যয় নির্বাহ এবং টেন্ডারের (ইজিপি) মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

(গ) আসবাবপত্র সংগ্রহ: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের জন্য সোফা সেট, ভিজিটর চেয়ার, অফিসার চেয়ার, টেবিল ফার্নিচার ক্রয় বাবদ উপজেলা প্রকৌশলী কর্তৃক ৩,০০,০০০/- তিন লক্ষ) টাকার প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। তিনি প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিলের আসবাবপত্র সংগ্রহ খাত হতে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্ত: সভায় এ ব্যাপরে বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থাপিত ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা প্রক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিলের আসবাবপত্র সংগ্রহ খাত হতে RFQ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

(ঘ) উপজেলা পরিষদ ভবন বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনের দেয়াল প্লাষ্টার ও রংকরণ এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনের সামনের দেয়াল রংকরণ প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের অফিস কক্ষসমূহ, দরজা জানালা ও বাথরুম মেরামত, উপজেলা ভাইস চেয়ারম্যানের বাথরুম মেরামত ও উপজেলা পরিষদের সিড়ির রেলিং এর হাতা মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস কক্ষ ও বাথরুম মেরামত এবং উপজেলা অডিটোরিয়ামের বাথরুম মেরামত করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী কর্তৃক উক্ত কাজসমূহ বাস্তবায়নের জন্য ৪,৫০,০০০/- টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত: সভায় এ ব্যাপরে বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থাপিত ৪,৫০,০০০/- টাকার প্রাক্কলন সভায় অনুমোদিত হয় এবং কাজসমূহ উপজেলা পরিষদ ভবন বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পিপিআর এর বিধি মোতাবেক বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

(ঙ) উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি): উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শের ভিত্তিতে এবং উপস্থিত সকলের সম্মতিক্রমে উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর অবকাঠামো উন্নয়ন মূলক প্রকল্পের নাম নিম্নোক্ত ভাবে সংশোধন করা হলো।

| ক্র: নং | সংশোধিত অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্পের নাম | বরাদ্দ |
|---|---|---|
| ০১ | আনিলগঞ্জ উচ্চ বিদ্যালয়ে শ্রেণী কক্ষ ও গার্লস ফেসিলিটিজ রুম নির্মাণ। | ২০ (বিশ) লক্ষ |
| ০২ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মুজিব গ্রন্থাগার নির্মাণ। | ১০ (দশ) লক্ষ |
| ০৩ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গার্লস ফেসিলিটিজ রুম নির্মাণ। | ১০ (দশ) লক্ষ |

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলাপ-আলোচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের বরাদ্দ হতে সংশোধিত অবকাঠামো উন্নয়নমূলক উপরিউক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ প্রকল্প পরিচালক মহোদয় বরাবরে অতি জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী এবং উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটরকে (ইউডিএফ) অনুরোধ করা হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী এবং উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), দক্ষিণ সুরমা, সিলেট ।

(চ) কোভিড ১৯ থোক বরাদ্দ: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের আওতায় এ উপজেলার অনুকূলে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধ কল্পে ৪,০৮,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। তিনি আরো জানান যে, বরাদ্দকৃত টাকা দ্বারা মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান, পাল্স অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনা মূল্যে বিতরণের জন্য ক্রয় করা যাবে। উপজেলা নির্বাহী অফিসার সভায় বরাদ্দকৃত অর্থ দ্বারা এন্টিসেফটিক সাবান ক্রয় করে বিনা মূল্যে বিতরণের বিষয়ে প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী কর্তৃক এন্টিসেফটিক সাবান ক্রয়ের ৪,০৮,০০০/- টাকার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত: সভায় এ ব্যাপরে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত ৪,০৮,০০০/- টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রকল্পটি RFQ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

**(ছ) রাজস্ব তহবিলের বিভিন্ন খাতওয়ারী ব্যয়ের অনুমোদন সংক্রান্ত আলোচনা** : উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান যে, নিয়মিত মাসিক খরচ ব্যতীত অন্যান্য খাত যেমন- অপ্রত্যাশিত খাতে ৫,০০,০০০/- টাকা, অফিস সরঞ্জাম ক্রয় বাবদ অবশিষ্ট ২,৩৩,৫০০/- টাকা ফ্রিজ, টিভি, এসি, ফ্যান ক্রয়, আসবাবপত্র মেরামত বাবদ ১৮,০০০/- টাকা চেয়ার টেবিল মেরামত, অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষ/মেরামত বাবদ অবশিষ্ট ১৯,০০০/- হাজার টাকা টেলিভিশন ও সিসি ক্যামেরা মেরামত, যানবাহন মেরামত বাবদ অবশিষ্ট ৩৮,০০০/- টাকা, ফরমালিন/ক্ষতিকর রাসায়নিক দ্রব সনাক্তকরণ কিট ক্রয় বাবদ ১,০০,০০০/- টাকা, মশা নিধন বাবদ অবশিষ্ট ৭৭,০০০/- টাকা স্প্রে মেশিন, মশক নিধন ক্যামিকেল ক্রয়, প্রকাশনা বাবদ অবশিষ্ট ৮৬,০০০/- টাকা ম্যাগাজিন প্রকাশ, বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ অবশিষ্ট ৭৫,০০০/- টাকা পরিষদের সেফটি ট্যাংকি পরিস্কার, ঘাস কাটার মেশিন, ময়লা ফেলার ভিন, ময়লা পরিস্কারের ট্রলি, ঝোপ-ঝাড় পরিস্কার করণ কাজ চলতি অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে খরচ করা যাবে। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে বাজার মূল্য/ সরকারি নির্ধারিত মূল্য অনুযায়ী ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত করে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : উপজেলা রাজস্ব তহবিল হতে চলতি অর্থবছরে বিধি মোতাবেক উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন অনুযায়ী উপরিউক্ত খাতগুলোর ব্যয়/খরচ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

**০৩। প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

**০৪। স্বাস্থ্য বিভাগ** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

**০৫। পরিবার পরিকল্পনা বিভাগ** : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

**০৬। কৃষি বিভাগ** : উপজেলা কৃষি অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৮। **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৯। **শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয় এবং Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১২। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপ-সহকারী প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**১৬। যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৭। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।
সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট

**১৮। বিবিধ : (ক) ধন্যবাদ প্রস্তাব সংক্রান্ত** : উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভাকে জানান যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের ঐকান্তিক প্রচেষ্টায় চলতি অর্থবছরে কাবিটা কর্মসূচির আওতায় ''রাখালগঞ্জ বাজার হতে গফুরের বাঁধ আরএইচডি সড়ক ভায়া ইনাত আলীপুর মির্জানগর রাস্তা সংস্কার'' প্রকল্পের জন্য এক কোটি টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। এত বিশাল বরাদ্দের জন্য তিনি সভার পক্ষ থেকে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে তাঁর সফল প্রচেষ্টার জন্য ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করেন এবং এতে উপস্থিত সকল সদস্য সহমত জানান।

**(গ) ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট সংক্রান্ত** : উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভাকে জানান যে, প্রতি অর্থবছর শুরু হওয়ার অন্ততঃ ষাট দিন পূর্বে উক্ত বছরের বাজেট প্রস্তুত করতে হয়। সে অনুযায়ী দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের খসড়া বাজেট প্রস্তুত করা হয়েছে। সর্বসাধারণের মতামতের জন্য খসড়া বাজেট কপি উপজেলা পরিষদের ওয়েব সাইটে ও নোটিশ বোর্ডে দেয়া হয়েছে।

**উপদেষ্টা মহোদয়ের ধন্যবাদ প্রস্তাব সমাপনী বক্তব্য :** জনাব হাবিবুর রহমান হাবিব, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে সালাম ও আদাব জানান। ব্যক্তিগত কারো বাড়ির রাস্তা এডিপির বরাদ্দ হতে না দেয়ার জন্য তিনি সকলকে উৎসাহিত করেন। তাছাড়া এক লক্ষ টাকার কোন প্রকল্প না নেয়ার জন্যও তিনি সকলকে পরামর্শ দেন। তিনি চেয়ারম্যানগণকে বলেন ইউপি সদস্যদের নিয়ে সভা করে প্রকল্প দাখিল করার জন্য। তিনি বলেন তাঁর সংসদীয় এলাকায় জাতীয় দিবসগুলোতে সবাই মিলেমিশে কাজ করেন যা অনেক সংসদীয় এলাকায় দেখা যায় না। এভাবে আগামীতেও সমন্বয় রেখে সরকারের সকল কাজ বাস্তবায়নের জন্য তিনি দিক নির্দেশনা প্রদান করেন। জাইকার বরাদ্দ দিয়ে আনিলগঞ্জ উচ্চ বিদ্যালয়ে বিশ লক্ষ টাকা এবং অবশিষ্ট বিশ লক্ষ টাকা দিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মুজিব গ্রন্থাগার ও গার্লস ফ্যাসিলিটিজ কক্ষ করার জন্য উপদেষ্টা মহোদয় সম্মতি প্রদান করেন। সর্বশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি নবাগত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে দক্ষিণ সুরমাবাসীর এবং সভার পক্ষ থেকে অভিনন্দন জানান। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি এডিপি এবং জাইকার কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আবারও অনুরোধ করেন। বিভিন্ন দপ্তরে সরকারের চলমান কাজগুলোকে

নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। বিভিন্ন বাজারের সংস্কার কাজ দ্রুত বাস্তবায়নের জন্যও তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং ঈদের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৪.২২

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২.৪৯০(৩০) তারিখঃ ২৫ এপ্রিল, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ট্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ..........................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ..............................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান/প্রশাসক ..............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.................................. সদস্য............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

২৫।০৪।২২

নূসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

<u>পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:</u>

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| **উপস্থিত কর্মকর্তাঃ** | **অনুপস্থিত কর্মকর্তাঃ** |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট<br>১০। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপ- সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সূরমা, সিলেট<br>১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৬। সহকারী জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১<br>১৭। ইউডিএফ, ইউজিডিপি, দক্ষিণ সুরমা, সিলেট। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |

# “ দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি ”

**মাস ঃ এপ্রিল, ২০২২ সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা তারিখ ঃ ২৫/০৪/২০২২।**

| ক্রঃ নং | উপস্থিত জনপ্রতিনিধি ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩। | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৩ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা,সিলেট। | (A) |
| ০৫ | চেয়ারম্যান, ১ নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৬ | চেয়ারম্যান, ৩ নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৭ | চেয়ারম্যান, ৫ নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৮ | চেয়ারম্যান, ৬ নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৯ | চেয়ারম্যান, ৭ নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১০ | চেয়ারম্যান, ৮ নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ১১ | চেয়ারম্যান, ৯ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১২ | চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| | | |
| | | |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তা ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 25/04/2022 |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 25/04/2022 |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 25/04/2022 |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ০৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 25/04/22 |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট | 25-04-2022 |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 25/04/2022 |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 25/04/2022 |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 25/04/2022 |
| ১১ | উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 25/04/22 |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 25/04/22 |
| ১৩ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | 25.04.2022 |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 25/4/2022 |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 25/4/22 |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 25/4/22 |
| ১৭ | সহকারী জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ | 25/04/22 |
| ১৮ | উপজেলা [illegible] | 25/04/2022 |